# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA
**(Residential Autonomous College affiliated to University of Calcutta)**

**B.A./B.Sc. FIRST SEMESTER EXAMINATION, DECEMBER 2015**
**FIRST YEAR**
**BENGALI (General)**

Date : 19/12/2015
Time : 11 am – 2 pm
Paper : I
Full Marks : 75

১। কারণ উল্লেখ করে প্রদত্ত বানান শুদ্ধ করো (যে কোন **চারটি**) ঃ (৪ × ৫)
কিসলয়, কান্ড, প্রনত, নদি, অধিকারি, কৃস্ন, শড়রিপু, পরিশেবা

২। প্রদত্ত অংশের মূল ভাবটি নিয়ে সম্পূর্ণ নিজের ভাষায় অনধিক ৪০টি শব্দে সারাংশ রচনা করো ঃ (১ × ১০)

বিজ্ঞানচর্চার ফলে মানুষের হাতে এসেছে আজ অভাবনীয় ক্ষমতা (দেবতার ক্ষমতা) ও কুবেরের ধনভাণ্ডার। কিন্তু অপরিসীম পরিতাপের বিষয় এই যে, মানুষ অনেক ক্ষেত্রে আজ সে ক্ষমতা ও সম্পদকে ব্যবহার করছে দানবের মনোবৃত্তি দিয়ে। তার দৃষ্টান্ত আমরা দেখেছি, দুটি বিশ্বযুদ্ধে পারমাণবিক ও হাইড্রোজেন বোমা এবং অন্যান্য দূরগামী মারণাস্ত্রের ব্যবহারে। আজ বিশ্বের শক্তিশালী রাষ্ট্রগুলির মধ্যে এই ক্ষমতার প্রতিদ্বন্দ্বিতায় সৃষ্টি হয়েছে তথাকথিত ঠাণ্ডা লড়াই বা Cold War যার বিষময় পরিণতিতে যদি আরো কোন বিশ্বযুদ্ধ বাধে, তবে আমাদের এই সুন্দর পৃথিবী পরমাণু বোমার প্রয়োগে মুহূর্ত মধ্যে ধ্বংস স্তূপে পরিণত হবে।

**অথবা**

হরপ্পা মহেঞ্জোদারোর ধ্বংসাবশেষের আবিষ্কারের পর এই সিদ্ধান্ত স্থির নির্ণীত হইয়া গিয়াছে যে ভারতের আদিম অধিবাসীরা স্থাপত্য ও চারুশিল্পে অনেকদূর অগ্রসর হইয়াছিলেন। পাঁচ-সাত হাজার বৎসর পূর্ব্বে যে সকল হর্ম্ম্য, পশুপক্ষী এবং নরমূর্তি নির্ম্মিত হইয়াছিল তাহতে এ কথাটা প্রমাণিত হয় যে আর্য্যগণ কোন শিল্প সংস্কার ভারতে আনেন নাই। তাঁহারা এদেশের আদিম সভ্যতা হইতে তাহা গ্রহণ করিয়াছিলেন। অজন্তা গুহা, খেজুরাহ প্রভৃতি স্থানে আমরা রমণীমূর্তির যে সকল লীলায়িত ভঙ্গী পাই, জীবজন্তুর প্রতিকৃতি দেখিতে পাই, তাহা সেই আদিম শিল্পকলার বিকাশ। আর্য্যগণ এই জন্য বোধ হয় বাহ্য ঐশ্বর্য্যের যে সকল বর্ণনা দিয়াছেন তাহা দানব রাক্ষস প্রভৃতির বিদ্যা — এই ভাবের একটা ইঙ্গিত দিয়াছেন।

৩। বাংলা গদ্য চর্চার ইতিহাসে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের অবদান আলোচনা করো। (১০)

**অথবা**

বাংলা গদ্যে অক্ষয়কুমার দত্তের অবদান আলোচনা করো। (১০)

৪। যে কোন **একটি** বিষয়ে টীকা লেখো ঃ (১ × ৫)
ক) উইলিয়াম কেরী
খ) কমলাকান্তের দপ্তর

৫। যে কোন **দুটি** প্রশ্নের উত্তর দাও ঃ (২ × ১০)
ক) বাংলা মহাকাব্যে মধুসূদন দত্তের অবদান উল্লেখ করো।
খ) কাব্য সাহিত্যে বিহারীলাল চক্রবর্তীর অবদান আলোচনা করো।
গ) বাংলা নাটকে দীনবন্ধু মিত্রের অবদান উল্লেখ করো।
ঘ) কবি হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়ের কৃতিত্ব ও অবদান আলোচনা করো।

৬। যে কোন **দুটি** বিষয়ে টীকা লেখো ঃ (২ × ৫)
ক) মেঘনাদ বধ
খ) বিষবৃক্ষ
গ) বৃত্রসংহার
ঘ) নীলদর্পণ

——————— × ———————